APR. 23 2002

ভোরের কাগজ

# ঢা.বিতে ছাত্রদলের ২ গ্রুপে সংঘর্ষ আহত ২

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের মনির-আসাদ গ্রুপের কর্মীরা গতকাল লাল্টু গ্রুপের দুই কর্মীকে কুপিয়েছে। আহত দুই ছাত্রদল কর্মীর নাম কিরণ এবং রুমান। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কার্জন হল এলাকায় গতকাল দুপুরে এ ঘটনা ঘটে।

ছাত্রদলের নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, পূর্ব শত্রুতার জের হিসেবে গতকাল এ ঘটনা ঘটে। ছাত্রদল এফএইচ হল শাখার সভাপতি লিটনের নেতৃত্বে কামরুল এবং রুবেল এই হামলা চালায় বলে প্রত্যক্ষদর্শী সূত্রে জানা যায়। এ সময় তারা লোহার রড দিয়েও তাদের মারধর করে। আহত দুজনকে সঙ্গে সঙ্গে ঢাকা মেডিকেলে ভর্তি করা হলেও পরবর্তী সময়ে তাদের পঙ্গু হাসপাতালে স্থানান্তর করা হয় বলে জানা যায়।

এদিকে ছাত্রদলের অপর একটি সূত্র জানায়, আহত

● এরপর-পৃষ্ঠা ১১ কলাম ২

## ঢা.বিতে ছাত্রদলের

● প্রথম পাতার পর

কিরণ এবং রুমান একসময় ছাত্রলীগের রাজনীতির সঙ্গে সক্রিয় থাকলেও নির্বাচনের পর তারা ছাত্রদলে যোগ দেয়। এর কিছুদিন পর লিটন এবং কিরণদের মধ্যে হলের সিট নিয়ে বিরোধ দেখা দিলে লিটন-কিরণ রুমানদের হল থেকে বের করে দেয়। পরে বিষয়টি তারা জনৈক ছাত্রদল নেতার কাছে বিচার দিলে লিটন তাতে ক্ষিপ্ত হয়।

গতকাল কিরণ, রুমান কার্জন হল এলাকায় এলে তারা হল আক্রমণ করতে